



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৪৩

২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ইন্দুরকানী উপজেলাধীন পশ্চিম চরণী পত্তাশী রহিম উদ্দিন স্মৃতি দাখিল মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১৩১৭৫০) ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ উত্থাপন করে ম্যানেজিং কমিটির ০৮জন সদস্য এবং কমিটির সদস্য নয় এমন ০৭ জন শিক্ষক সভাপতির প্রতি অনাস্থা জ্ঞাপনপূর্বক সভাপতি পদ বাতিলের জন্য আবেদন করেছেন। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, মহান বিজয় দিবস, জাতীয় শিশু দিবসসহ জাতীয় দিবস সমূহে সভাপতি অনুপস্থিত থাকেন এবং নিয়োগ প্রদানের প্রলোভন দেখিয়ে বিভিন্ন লোকের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা ঘুষ গ্রহণসহ বিভিন্ন আর্থিক অনিয়ম করেছেন মর্মে অভিযোগে উল্লেখ আছে। অপরদিকে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব তানভীরুল ইসলাম রানেল শিক্ষক ও দাতা সদস্যের বিরুদ্ধে দুর্নীতি ও জাতীয় দিবসসমূহে অনুপস্থিতির অভিযোগ করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক (ম্যানেজিং কমিটির নির্বাচনের প্রিজাইডিং অফিসারকে তদন্তকারী কর্মকর্তা হিসেবে অন্তর্ভুক্ত না করে) সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৯-০৬-২০২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ইন্দুরকানী, পিরোজপুর।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৪৩/১(৭)

২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, পিরোজপুর;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ইন্দুরকানী, পিরোজপুর;
- ৪। পশ্চিম চরণী পত্তাশী রহিম উদ্দিন স্মৃতি দাখিল মাদ্রাসা, ইন্দুরকানী, পিরোজপুর;
- ৫। পশ্চিম চরণী পত্তাশী রহিম উদ্দিন স্মৃতি দাখিল মাদ্রাসা, ইন্দুরকানী, পিরোজপুর;
- ৬। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৭। অফিস কপি (নথি নম্বর: ১৭৬)।



১২-০৬-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

সকল সংযুক্তিসমূহ:

- (১) অভিযোগ সংক্রান্ত কাগজপত্রের কপি
- (২) রেজিস্ট্রার বরাবর আবেদন
- (৩) অভিযোগকারীর জাতীয় পরিচয়পত্রের কপি